

## AKASHVANI(Kolkata)

### Regional News Unit

**Date: 28/12/2025**

**Desk in Charge :- SDG**

**Time: 7.35 A.M.**

**Compiling :- Sudip Basu**

**DEO: KB**

**NRT : Sudip Basu**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ -

### বিশেষ বিশেষ খবর -

১/ রাজ্য জুড়ে শুরু হয়েছে SIR-এর শুনানি পর্ব।

# ২০০২-এর ভোটার তালিকা থেকে তথ্য রূপান্তরের সময় প্রযুক্তিগত কারণে বংশগত যোগসূত্রের বিষয়টি BLO অ্যাপে ধরা না পড়ায় যেসব ভোটার 'আনম্যাপড' হিসেবে চিহ্নিত হয়েছেন, তাঁদের এখুনি শুনানিতে না ডাকার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন।

২/ মাইক্রো অবজার্ভার হিসেবে নিয়োগপত্র পেয়েও প্রশিক্ষণে হাজির না হওয়ায়, ৭৭৮ জন আধিকারিককে 'শো-কজ' করেছে কমিশন।

৩/ SIR-এর শুনানি প্রক্রিয়াকে স্বাগত জানিয়েছে বিজেপি।

# ভোটারদের শুনানিতে হাজিরার জন্য যথেষ্ট সময় দেওয়া হচ্ছে না বলে অভিযোগ তৃণমূল কংগ্রেসের।

৪/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীর 'মন কি বাত' অনুষ্ঠানে, দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন।

৫/ বর্ষশেষ ও নতুন বছরের শুরুতে তাপমাত্রা কিছুটা বাড়তে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

\*\*\*\*\*

কঠোর নজরদারি ও নিরাপত্তায় রাজ্য জুড়ে শুরু হয়েছে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী SIR-এর শুনানি প্রক্রিয়া। প্রথম দিনের শুনানি পর্ব গতকাল নির্বিঘ্নে সম্পন্ন হয়েছে। কঠোর নিরাপত্তায় মোট ৩ হাজার ২৩৪ টি কেন্দ্রে, শুনানি শুরু হয়। প্রতিটি টেবিলে দৈনিক গড়ে ১০০ থেকে ১৫০ জন ভোটারের শুনানি হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে। যারা ২০০২-এর ভোটার তালিকার সঙ্গে কোনোরকম সম্পর্ক দেখাতে পারেননি, তাদের আধার কার্ড সহ মোট ১২টি স্বীকৃত নথি পেশ করার সুযোগ রয়েছে। কমিশনের ঘোষণা অনুযায়ী, এই শুনানি পর্ব শেষ হলে ১৪ ফেব্রুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে।

এদিকে, কলকাতা ও জেলা জুড়ে গতকাল সকাল থেকেই শুনানি কেন্দ্রগুলিতে তৎপরতা চোখে পড়ে। খসড়া তালিকায় নাম না থাকা বহু মানুষকে প্রয়োজনীয় নথি হাতে নিয়ে লাইনে দাঁড়াতে দেখা যায়।

ভবানীপুরের একটি শুনানি কেন্দ্রে ডাক পাওয়া এক ভোটার জানানেন, কমিশনের কাছে তিনি সাহায্য পেয়েছেন।

( বাইট- ভবানীপুরের ভোটার)

\*\*\*\*\*

২০০২ সালের ভোটার তালিকা থেকে তথ্য রূপান্তরের সময় প্রযুক্তিগত কারণে বংশগত যোগসূত্রের বিষয়টি সুস্পষ্টভাবে BLO অ্যাপে ধরা না পড়ায়, যেসব ভোটার ‘আনম্যাপড’ হিসেবে চিহ্নিত হয়েছেন, তাঁদের এখুনি শুনানিতে না ডাকার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। রাজ্যের মুখ্যনির্বাচনী আধিকারিকের দপ্তরের তরফে জেলা নির্বাচনী আধিকারিকদের কাছে পাঠানো নির্দেশিকায় জানানো হয়েছে, এক্ষেত্রে সিস্টেমে শুনানির নোটিস তৈরি হয়ে থাকলেও, তা ERO বা AERO-র কাছে সংরক্ষণ করতে হবে। ২০০২ সালের নির্বাচনী তালিকায় থাকা সংশ্লিষ্ট ভোটারের তথ্য DEO-র কাছে পাঠাতে হবে। DEO যাচাই করার পর তথ্য বৈধ হলে ERO বা AERO নথি

আপলোড করে সমস্যার সমাধান করবেন। প্রয়োজনে BLO-দের সংশ্লিষ্ট ভোটারদের বাড়ি পাঠিয়ে তাঁর সঙ্গে ছবি তুলে তা আপলোড করতে হবে বলেও নির্দেশিকায় জানানো হয়েছে। তবে পরবর্তীতে যদি কোনও অসঙ্গতি ধরা পড়ে, অথবা অভিযোগ আসে, সেক্ষেত্রে নোটিস দিয়ে সংশ্লিষ্ট ভোটারকে শুনানিতে ডাকা হতে পারে।

উল্লেখ্য, ২০০২ সালের ভোটার তালিকার হার্ড কপিতে নাম বা লিঙ্কেজ থাকলেও অনেক ক্ষেত্রেই দেখা গেছে পিডিএফ থেকে তথ্য রূপান্তরের সময় অসম্পূর্ণতার কারণে বিএলও অ্যাপে ভোটারের নাম বাদ পড়েছে।

\*\*\*\*\*

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার শুনানি পর্বে মাইক্রো অবজার্ভার হিসেবে নিয়োগপত্র পেয়েও প্রশিক্ষণে হাজির না হওয়া ৭৭৮ জন কেন্দ্রীয় সরকারি কর্মচারী ও রাষ্ট্রায়ত্ত্ব সংস্থার আধিকারিককে শো-কজ করা হয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, কমিশনের নির্ধারিত সময় অনুযায়ী শুক্রবারের মধ্যে কাজে যোগ দেওয়ার কথা ছিল ওই আধিকারিকদের। কিন্তু তা না করায় তাঁদের কাছে কারণ জানতে চাওয়া হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে সন্তোষজনক জবাব না দিলে সংশ্লিষ্ট আধিকারিকদের সাসপেন্ড করার মতো কড়া পদক্ষেপ নেওয়া হতে পারে বলে CEO জানিয়েছেন।

\*\*\*\*\*

SIR-এর শুনানি পর্বের প্রথম দিনেই রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে। বিএলও সংগঠনের বিক্ষোভের প্রেক্ষিতে গত সপ্তাহেই মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের নিরাপত্তায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের সুপারিশ করা হয়। জানা গিয়েছে, সিইও দফতরে ওয়াই ক্যাটাগরির নিরাপত্তা দেওয়া

হয়েছে। প্রতিদিন কেন্দ্রীয় বাহিনীর চার থেকে পাঁচ জনের এক একটি দল দায়িত্বে থাকবে। মূলত CISF-এর জওয়ানদেরই নিরাপত্তার দায়িত্ব দেওয়া হয়েছে।

ওয়াই ক্যাটাগরির নিরাপত্তায় মূলত ৮ থেকে ১১ জন জওয়ান থাকেন। ১ থেকে ২ জন কম্যান্ডো।

\*\*\*\*\*

SIR এর শুনানি প্রক্রিয়াকে স্বাগত জানিয়েছে রাজ্য বিজেপি। দলের বরিষ্ঠ নেতা তথা প্রাক্তন রাজ্য সভাপতি রাহুল সিনহা বলেছেন, তৃণমূল কংগ্রেস প্রথম থেকেই SIR প্রক্রিয়ার বিরোধিতা করে আসছে।

( বাইট-রাহুল সিনহা )

\*\*\*\*\*

ভোটারদের শুনানিতে হাজিরার জন্য যথেষ্ট সময় দেওয়া হচ্ছে না বলে তৃণমূল কংগ্রেস অভিযোগ করেছে। গতকাল তৃণমূলের পাঁচ সদস্যের এক প্রতিনিধি দল মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে যান। দলে ছিলেন পাঁচ মন্ত্রী- চন্দ্রিমা ভট্টাচার্য, অরুণ বিশ্বাস, শশী পাঁজা, মানস ভূঁইঞা এবং মলয় ঘটক।

পরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে চন্দ্রিমা ভট্টাচার্য অভিযোগ করেন, অনেকে অন্য রাজ্যে রয়েছেন, নোটিস পেয়ে রাজ্যে ফিরতে সময়ের প্রয়োজন। প্রয়োজনীয় নথি জোগাড় করার জন্যও সময় দেওয়া হচ্ছে না বলে দাবী করেন তিনি।

\*\*\*\*\*

তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেছেন, SIR-এ অসংগতি আছে, এমন এক কোটি ৩৬ লক্ষ নাম কাদের, এই প্রশ্নের উত্তর চাইতে তিনি ৩১শে ডিসেম্বর দিল্লিতে নির্বাচন কমিশনের দপ্তরে যাবেন। গতকাল এক

সাংবাদিক বৈঠকে তিনি এই তালিকা জনসমক্ষে আনার দাবী জানান। তিনি আরো বলেন, পশ্চিমবঙ্গের ক্ষেত্রে তাড়াহুড়ো করে SIR করা হচ্ছে।

\*\*\*\*\*

রাজ্যের দ্রুত ১০০ দিনের কাজ শুরু করার দাবি জানিয়েছে প্রদেশ কংগ্রেস। এই মর্মে সভাপতি শুভঙ্কর সরকারের নেতৃত্বে প্রদেশ কংগ্রেসের এক প্রতিনিধি দল গতকাল রাজ্যপালের সঙ্গে সাক্ষাৎ করেন। প্রতিনিধি দলে ছিলেন প্রবীণ কংগ্রেস নেতা প্রাক্তন সাংসদ প্রদীপ ভট্টাচার্য, প্রদেশ কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চ্যাটার্জি প্রমুখ। পরে সাংবাদিকদের প্রশ্নের জবাবে শুভঙ্কর বাবু বলেন, রাজ্যে প্রায় তিন বছর ধরে ১০০ দিনের কাজ বন্ধ রয়েছে। মহাত্মা গান্ধীর নামাঙ্কিত ১০০ দিনের কাজের প্রকল্প মনরেগা-র (MGNREGA) নাম পরিবর্তন সঠিক কাজ হয়নি বলেও অভিমত ব্যক্ত করেন তিনি। তিনি মনে করেন। মহাত্মা গান্ধীর নামের প্রকল্পের পরিবর্তন সাধারণ মানুষ মেনে নেবেন না বলে মন্তব্য করেন শুভঙ্কর বাবু। সেই সঙ্গে এসআইআর প্রক্রিয়ায় আরো সময় বাড়ানোর দাবিও জানিয়েছেন তিনি।

\*\*\*\*\*

জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আজ প্রদেশ কংগ্রেসের তরফ থেকে একগুচ্ছ কর্মসূচি নেওয়া হয়েছে। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার জানিয়েছেন, কলকাতায় প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধান ভবনের পাশাপাশি জেলা কংগ্রেস কার্যালয়গুলিতেও দলের প্রতিষ্ঠা দিবস যথাযোগ্য মর্যাদায় পালিত হবে।

কলকাতায় এক শোভাযাত্রার আয়োজন করেছে প্রদেশ কংগ্রেস। জাতীয় কংগ্রেসের প্রথম সভাপতি তথা প্রতিষ্ঠাতা সদস্য উমেশচন্দ্র ব্যানার্জীর বাড়ি থেকে শ্যামবাজার পাঁচ মাথার মোড়ে নেতাজীর মূর্তির পাদদেশ পর্যন্ত যাবে ওই শোভাযাত্রা।

\*\*\*\*\*

ISF বিধায়ক নৌশাদ সিদ্দিকি গতকাল কলকাতার আলিমুদ্দিন স্ট্রিটে CPIM-এর রাজ্য দপ্তরে গিয়ে বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসুর সঙ্গে বৈঠক করেছেন। পরে নৌশাদ বলেন, আসন্ন বিধানসভা নির্বাচনে বামদেদের সঙ্গে জোট করতে চেয়ে আগেই তিনি চিঠি পাঠিয়েছিলেন।

\*\*\*\*\*

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীর ‘মন কি बात’ অনুষ্ঠানে, দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে এই মাসিক বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব।

বেলা ১১টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং - আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মনবাত-কি-” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

\*\*\*\*\*

২০২৫ সাল প্রায় শেষ পর্যায়ে। নতুন ভারত তৈরির ক্ষেত্রে সরকার এবছর যোগাযোগ ব্যবস্থায় বেশ কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে। দেশের প্রত্যন্ত এলাকা জুড়েছে রেল যোগাযোগ মাধ্যমে।

একটি প্রতিবেদন- ( ক্যাপসুল- কাশফিন )

\*\*\*\*\*

রাজ্যের আগামী কয়েকদিন জাঁকিয়ে শীত অনুভূত হবে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। আপাততঃ আগামী কয়েকদিন পরিস্থিতি একই রকম থাকলেও, ধীরে ধীরে তাপমাত্রা বাড়বে বলে জানিয়েছেন আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী অশ্বেষা ভট্টাচার্য্য ।

আজ কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে- ১৪ ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে দুই ডিগ্রি বেশী। সর্বোচ্চ তাপমাত্রা ২৩ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

\*\*\*\*\*